গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩, উমেশ দত্ত রোড, বকশী বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

পত্র নং- ৫৮.০৪.০০০০.০২১.০৩.০১৭.২০২৫- ১২৭৪

তারিখঃ ০৯ শ্রাবণ ১৪৩২
২৪ জুলাই ২০২৫

বিষয়: **বাংলাদেশ জেল এর কর্মচারীদের মোটর সাইকেল ক্রয় ও ব্যবহার সংক্রান্ত নির্দেশনা**

বরাত: ১। কারা অধিদপ্তরের পত্র নং- ৫৮.০৪.০০০০.০২১.০৪.০১১.১৮-২৪৫ (১০৫) তারিখ: ২৬-০২-২০২৫
২। কারা অধিদপ্তরের পত্র নং- ৫৮.০৪.০০০০.০২১.০৫.০০৫.১৮-১৬১০ (১০২) তারিখ: ১৮-১২-২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রে উল্লিখিত স্মারকদ্বয়ের প্রেক্ষিতে বাংলাদেশ জেল এর কর্মচারীদের মোটরসাইকেল ক্রয় ও ব্যবহার সংক্রান্ত নির্দেশনা প্রদান করা হলেও উক্ত নির্দেশনা প্রতিপালন করা হচ্ছে না। সম্প্রতি বাংলাদেশ জেল এর বেশ কিছু সদস্য মোটর সাইকেল দূর্ঘটনায় নিহত/আহত হয়েছেন যা অত্যন্ত দুঃখজনক। পরিবারের ভরণ-পোষণ বহনকারী একজন সদস্যের এরূপ দূর্ঘটনায় মৃত্যুবরণ করা পুরো পরিবাবের জন্য সারা জীবনের কান্না, একই সাথে অনাকাঙ্ক্ষিত দূর্ঘটনায় আহত কারারক্ষী সম্পূর্ণ সুস্থ্য না হলে চাকুরী করা কষ্টকর বা চাকুরী হতে অপসারণ করা হয় যা কখনো কাম্য নয়।

উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে বাংলাদেশ জেল এর মোটর সাইকেল ব্যবহারকারী সদস্যের জন্য বরাতোক্ত পত্রদ্বয়ের নির্দেশনার ধারাবাহিকতায় নিম্নোক্ত নির্দেশনাসমূহ সংশ্লিষ্ট সকলকে প্রতিপালনের জন্য পুনরায় অনুরোধ করা হলো।

১। ব্যক্তিগত/পারিবারিক/বন্ধুবান্ধবের মোটর সাইকেল সিনিয়র তত্ত্বাবধায়ক ও তত্ত্বাবধায়ক/জেলার এর বিনা অনুমতিতে ব্যবহার করা যাবে না। অনুমোদন গ্রহণের জন্য সংযুক্ত ছকের তথ্যাদি যাচাই পূর্বক অনুমোদন দেয়া যেতে পারে।
২। মোটর সাইকেলের কোথাও বাংলাদেশ জেল এর কোন ধরনের স্টিকার/লেখাযুক্ত সিল ব্যবহার করা যাবে না।
৩। হেলমেট ব্যতীত কোনভাবেই মোটর সাইকেল ব্যবহার করা যাবেনা।
৪। মোটর সাইকেল ক্রয়ের ক্ষেত্রে মোটর সাইকেল ঋণ নিরুৎসাহিত করতে হবে।
৫। লাইসেন্স ও ট্যাক্স টোকেন বিহীন কারা বিভাগীয় যে কোন পর্যায়ের সদস্যদের মোটর সাইকেল চালানোর ব্যাপারে নিষেধ করতে হবে।
৬। মোটর সাইকেল ব্যবহারের ক্ষেত্রে ট্রাফিক আইন সম্পূর্নভাবে মেনে চলতে হবে।
৭। হাইওয়েতে/দূরদূরান্তে মোটর সাইকেল ভ্রমণ নিরুৎসাহিত করতে হবে।

এছাড়াও সংযুক্ত ছক মোতাবেক মোটর সাইকেল ব্যবহারে প্রত্যাশীদের আবেদন অনুমোদন করত: আগামী ২০/০৮/২০২৫ তারিখের মধ্যে স্ব-স্ব কারাগারের নিম্নোক্ত ছক মোতাবেক সমাপনী প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

**'ছক'**

| ক্র: নং | দপ্তর/কারাগারের নাম | মোটর সাইকেল ব্যবহারকারীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| | | | |

উল্লিখিত নির্দেশনা কঠোরভাবে অনুসরণের জন্য নির্দেশ প্রদান করা হলো। এর কোনরুপ ব্যতয় ঘটলে সংশ্লিষ্ট ব্যক্তি/ব্যক্তিবর্গ/কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

সংযুক্তি: ০১ (এক) পাতা।

২৪/৭/২৫
মোহাম্মদ মোস্তফা কামাল
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
কারা অধিদপ্তর, ঢাকা।
addl.ig@prison.gov.bd

কারা উপ-মহাপরিদর্শক (সকল)
সকল বিভাগ।

**অনুলিপি কার্যার্থে ও আতার্থে বিতরণ:**

১। সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।
২। কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী।
৩। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট।
৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। পত্রটি কারা অধিদপ্তরের নিজস্ব ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা
৬। প্রশাসনিক কর্মকর্তা (সকল) বাজেট অফিসার/পরিসংখ্যানবিদ, ডেপুটি জেলার (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৭। ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শকগণ ও কারা উপ-মহাপরিদর্শক (সংদঃ) মহোদয়ের সদয় অবগতির জন্যে।
৮। শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
৯। গার্ড ফাইল।

H/shamim/adminbranch/circular-25

## কারা এলাকায় মোটরসাইকেল ব্যবহার অনুমোদনের ছকঃ

**ক।** আবেদনকারীর নম্বর, পদবী ও নাম:

**খ।** মোটর সাইকেল এর ড্রাইভিং লাইসেন্স নং ও মেয়াদ;

**গ।** মোটর সাইকেলের মালিকানা: নিজ/অন্যান্য

* নিজ হলে মালিকানা প্রমাণের স্বপক্ষে কাগজপত্র (ড্রাইভিং লাইসেন্স, রেজিস্ট্রেশন সনদ ও ট্যাক্স টোকেন এর কপি সংযুক্তকরণ);

**ঘ।** মোটর সাইকেল ক্রয়ের অর্থের উৎস এবং ক্রয়মূল্য;

**ঙ।** মোটর সাইকেলটি হালনাগাদ ট্যাক্স/টোকেন;

**চ।** হেলমেট আছে/নাই?

**নোটঃ সিনিয়র জেল সুপার/জেল সুপার নিম্নোক্ত শর্তাবলী যাচাই বাছাই করে মোটর সাইকেল ব্যবহারের অনুমোদন গ্রহণ করবেন:**

১। মোটর সাইকেল ক্রয় আবেদনকারীর আয়ের সাথে সামঞ্জস্য কিনা?

২। ধারে/লোনে/অন্যের ব্যবহৃত মোটর সাইকেল ক্রয়ের ক্ষেত্রে মালিকানা পরিবর্তন স্বাপেক্ষে ব্যবহারের অনুমোদন;

৩। উপরোক্ত সকল তথ্যাদির সত্যতা যাচাই;

৪। মোটর সাইকেল ব্যবহারের প্রয়োজনীয়তা যাচাই। (সাধারণত কারা বা কারা এলাকার বাহিরে ফ্যামিলিসহ বসবাস করলে মোটর সাইকেল ব্যবহার প্রয়োজন। একজন ফ্যামিলি বিহীন বা মেস মেম্বারের ক্ষেত্রে কারা এলাকায় মোটর সাইকেল ব্যবহারে নিরুৎসাহিত করা হলো।)

২৪/৭/২৫

মোহাম্মদ মোস্তফা কামাল
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
কারা অধিদপ্তর, ঢাকা।
addl.ig@prison.gov.bd